# এমপি গাজী নজরুলসহ ৫ জনের বিরুদ্ধে ড্রাইভারের হত্যাচেষ্টা মামলা



এমপি গাজী নজরুল ইসলাম। ছবি: সংগৃহীত

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামসহ পাঁচজনের বিরুদ্ধে হত্যাচেষ্টার অভিযোগে রাজধানীর পল্লবী থানায় মামলা দায়ের করা হয়েছে। মামলার বাদী তার ব্যক্তিগত গাড়িচালক ওবায়দুর রহমান।

মামলার অভিযোগে বলা হয়েছে, কথিত অনৈতিক সম্পর্কের প্রতিবাদ এবং একটি ব্যক্তিগত ভিডিও ফাঁসের সন্দেহকে কেন্দ্র করে ওবায়দুর রহমানকে মারধর করা হয়। একপর্যায়ে তাকে শ্বাসরোধ করে হত্যার চেষ্টা করা হয়েছে বলেও অভিযোগ করা হয়েছে।

মামলার আসামিরা হলেন গাজী নজরুল ইসলাম (৭৪), আমিনুর রহমান (৫৫), মাসুম বিল্লাহ (৪১), মোতাসসিম বিল্লাহ (২৫) এবং রাকিবুল হাসান (৩০)।

এদিকে, মামলায় গ্রেপ্তার হওয়া আমিনুর রহমানকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। বুধবার (২২ জুলাই) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কামাল উদ্দীনের আদালত তদন্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন।

LENS ASIA

মামলাটি তদন্ত করে আগামী ২৮ আগস্টের মধ্যে প্রতিবেদন জমা দেওয়ার জন্য তদন্ত কর্মকর্তাকে নির্দেশ দিয়েছেন আদালত।